**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, বৃহস্পতিবার ৫ মে ২০১৬, ২২ বৈশাখ ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। কুয়েতের সঙ্গে বাংলাদেশের উন্নয়ন সহযোগিতামূলক চারটি চুক্তি স্বাক্ষর
২। সব সূচকের ঊর্ধ্বগতিই প্রমাণ করে দেশের অর্থনীতি চাঙ্গা : সংসদে প্রধানমন্ত্রী
৩। বিদ্যুতের ৮টি সাব-স্টেশন নির্মাণ সরকারি ক্রয় কমিটিতে অনুমোদন
৪। বাংলাদেশের চিকিৎসকসহ নার্সদের প্রশিক্ষণে সহায়তা দেবে শ্রীলঙ্কা
৫। সংবাদ পর্যবেক্ষণে ‘মনিটরিং সেন্টার’ হচ্ছে : তথ্যমন্ত্রী
৬। বাসাবাড়িতে পাইপলাইনের পরিবর্তে সিলিন্ডারে গ্যাস সরবরাহ করা হবে : সংসদে বিদ্যুৎ প্রতিমন্ত্রী
৭। রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বেতন-ভাতা বৃদ্ধির বিল জাতীয় সংসদে পাস
৮। ব্যক্তিগত গাড়িতে সাংবাদিক, পুলিশ, আইনজীবী স্টিকার লাগানো নিষিদ্ধ : ডিএমপি
৯। কোরবানির পশু জবাইয়ের জন্য ১০ সিটি করপোরেশনে ২ হাজার ৪২৪ স্থান নির্ধারণ
১০। রাজধানীতে উল্টোপথে গাড়ি চলাচল বন্ধে হাইকোর্টের রুল

চলমান পাতা/২

**১। কুয়েতের সঙ্গে বাংলাদেশের উন্নয়ন সহযোগিতামূলক চারটি চুক্তি স্বাক্ষর**

বাংলাদেশ ও কুয়েতের মধ্যে উন্নয়ন সহযোগিতামূলক চারটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। বিনিয়োগ, সামরিক সহযোগিতা এবং সড়ক যোগাযোগ বিষয়ক এ চুক্তি স্বাক্ষরের ফলে দুই দেশের দ্বিপাক্ষিক সম্পর্ক আরো জোরদার হবে বলে আশা করা হচ্ছে। গতকাল ৪ মে বুধবার প্রধানমন্ত্রীর তেজগাঁওস্থ কার্যালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও কুয়েতের প্রধানমন্ত্রী শেখ জাবের আল-মুবারাক আল সাবাহ'র মধ্যে দ্বিপাক্ষিক বৈঠকের পর চুক্তিগুলো স্বাক্ষরিত হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও কুয়েতের প্রধানমন্ত্রী শেখ জাবের আল মুবারাক আল সাবাহ'র উপস্থিতিতে দুই দেশের সংশ্লিষ্ট মন্ত্রী ও কর্মকর্তারা চুক্তিতে স্বাক্ষর করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১) **ডেইলি সান, ডেইলি স্টার** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।
**ইত্তেফাক, সংবাদ, জনকণ্ঠ, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান, ডেইলি স্টারসহ** অধিকাংশ দৈনিক পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**২। সব সূচকের ঊর্ধ্বগতিই প্রমাণ করে দেশের অর্থনীতি চাঙ্গা : সংসদে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী ও সংসদ নেতা শেখ হাসিনা চলতি বছরে দেশের জিডিপির লক্ষ্যমাত্রা ৭ ভাগের বেশি অর্জিত হওয়ার ব্যাপারে দৃঢ় আশাবাদ ব্যক্ত করে বলেছেন, দেশের সামষ্টিক অর্থনীতির বিভিন্ন সূচকের ঊর্ধ্বমুখী গতিধারায় প্রমাণ করে দেশের অর্থনীতি চাঙ্গা অবস্থায় রয়েছে। সরকারি চাকরিতে প্রবেশের বয়সসীমা বাড়ানোর সম্ভাবনা নাকচ করে দিয়ে প্রধানমন্ত্রী বলেন, এখন আর সেশনজট নেই। বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপণ প্রসঙ্গে তিনি বলেন, ইতোমধ্যে স্যাটেলাইট প্রস্তুতের কার্যক্রম শুরু হয়েছে। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে গতকাল ৪ মে বুধবার সংসদ অধিবেশনে প্রধানমন্ত্রীর জন্য নির্ধারিত প্রশ্নোত্তর পর্বে বিভিন্ন প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৫)।

**৩। বিদ্যুতের ৮টি সাব-স্টেশন নির্মাণ সরকারি ক্রয় কমিটিতে অনুমোদন**

ঢাকা ও চট্টগ্রাম-সিলেট বিভাগে বিদ্যুতের ৮টি ৩৩/১১ কেভি সাব-স্টেশন নির্মাণ করবে সরকার। এর মধ্যে ঢাকা বিভাগে ৪টি এবং চট্টগ্রাম-সিলেট বিভাগে ৪টি সাব-স্টেশন নির্মাণ করা হবে। এতে মোট ব্যয় হবে প্রায় ৬০ কোটি টাকা। গতকাল ৪ মে বুধবার সচিবালয়ে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এ সংক্রান্ত দুটি ক্রয় প্রস্তাব অনুমোদন দেওয়া হয়। বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বৈঠকে সভাপতিত্ব করেন। সাব-স্টেশন নির্মাণের দুটি প্রস্তাবসহ বৈঠকে মোট ৬টি প্রস্তাব অনুমোদন দেওয়া হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **জনকণ্ঠ** ( শেষ পৃ.,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৮), **নিউ এজ** (পৃ.১,ক.৩)।

**৪। বাংলাদেশের চিকিৎসকসহ নার্সদের প্রশিক্ষণে সহায়তা দেবে শ্রীলঙ্কা**

বাংলাদেশের চিকিৎসক ও নার্সদের প্রশিক্ষনে সহায়তা প্রদান করতে আগ্রহ দেখিয়েছে শ্রীলঙ্কা হাসপাতাল। শ্রীলঙ্কা সফররত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম গতকাল ৪ মে বুধবার কলম্বোতে লঙ্কা হসপিটাল পরিদর্শনে গেলে হাসপাতাল কর্তৃপক্ষ এ আগ্রহ ব্যক্ত করে। দুই দেশের মধ্যে স্বাস্থ্যখাতের উন্নয়নে পারস্পরিক দ্বিপাক্ষিক সহায়তা জোরদার করার উদ্যোগ নেওয়া হবে বলে জানান বাংলাদেশের স্বাস্থ্যমন্ত্রী। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **নিউজ টুডে** (পৃ.২,ক.৪)।

**৫। সংবাদ পর্যবেক্ষণে 'মনিটরিং সেন্টার' হচ্ছে : তথ্যমন্ত্রী**

সংবাদ পর্যবেক্ষণে 'মনিটরিং সেন্টার' করছে সরকার। কিছু গণমাধ্যমে বিভ্রান্তিকর তথ্য প্রচারের বিষয়টি তুলে ধরে তা বন্ধে সরকারের পদক্ষেপ সম্পর্কে এক প্রশ্নের জবাবে গতকাল ৪ মে বুধবার সংসদে এ তথ্য জানান তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। একই সঙ্গে অনলাইন সংবাদপত্রের ওপর প্রয়োজনীয় নজরদারির জন্য 'অনলাইন

গণমাধ্যম সহায়ক নীতিমালা' প্রণয়নের উদ্যোগ নেওয়ার কথাও জানান তিনি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.২), **প্রথম আলো** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৩), **ডেইলি স্টার** ( পৃ.১,ক.৭)।



**৬। বাসাবাড়িতে পাইপলাইনের পরিবর্তে সিলিন্ডারে গ্যাস সরবরাহ করা হবে : সংসদে বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

দেশজুড়ে গ্যাস সংকটের কথা উল্লেখ করে বিদ্যুৎ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বলেছেন, আপাতত বাসাবাড়িতে গ্যাসের নতুন সংযোগ দেওয়ার পরিকল্পনা নেই। তিনি বলেন, সরকার বাসাবাড়িতে পাইপলাইনের বদলে সিলিন্ডারের মাধ্যমে গ্যাস সরবরাহের পরিকল্পনা নিয়েছে। গতকাল ৪ মে বুধবার সংসদে এক প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৮), **ইত্তেফাক** (পৃ.৪,ক.৫), **সংবাদ** ( শেষ পৃ.,ক.২)।

**৭। রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বেতন-ভাতা বৃদ্ধির বিল জাতীয় সংসদে পাস**

রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বেতন-ভাতা ও সুবিধাদি বৃদ্ধির বিধান করে সংসদে দুটি পৃথক বিল পাস করা হয়েছে। গতকাল ৪ মে বুধবার জাতীয় সংসদের ১০ম অধিবেশনের ৮ম কার্যদিবসে সংসদ কার্যে মন্ত্রিপরিষদ বিভাগের দায়িত্বপ্রাপ্ত কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী বিল দুটি পাসের প্রস্তাব করলে কণ্ঠভোটে বিল দুটি পাস হয়। বিল দুটি হচ্ছে 'রাষ্ট্রপতির (বেতন-ভাতা ও সুবিধাদি) (সংশোধন) বিল-২০১৬' এবং 'প্রধানমন্ত্রীর (বেতন-ভাতা ও সুবিধাদি) (সংশোধন) বিল-২০১৬'। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৮), **ডেইলি সান** (পৃ.৩,ক.৭)।

**৮। ব্যক্তিগত গাড়িতে সাংবাদিক, পুলিশ, আইনজীবী স্টিকার লাগানো নিষিদ্ধ : ডিএমপি**

ব্যক্তিগত গাড়ি, মোটরসাইকেলসহ সব ধরণের যানবাহনে সাংবাদিক, পুলিশ, সংসদ সদস্য, আইনজীবীসহ বিভিন্ন পেশাগত পরিচয়সম্বলিত 'আলগা স্টিকার লাগানো নিষিদ্ধ' করেছে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি)। এ ছাড়া ব্যক্তিগত গাড়িতে হুটার, হাইড্রোলিক হর্ন ও বিকন লাইট সম্পূর্ণ নিষিদ্ধ। যারা এসব ব্যবহার করবে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। গতকাল ৪ মে বুধবার ডিএমপির মিডিয়া সেন্টারে এক সংবাদ সম্মেলনে ডিএমপি কমিশনার আছাদুজ্জামান মিয়া এ তথ্য জানান। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭)।

**৯। কোরবানির পশু জবাইয়ের জন্য ১০ সিটি করপোরেশনে ২ হাজার ৪২৪ স্থান নির্ধারণ**

ধর্মীয় পবিত্রতা ও মূল্যবোধ সমুন্নত রেখে কোরবানীর পশু জবাইয়ের জন্য এ বছর দেশের ১০ সিটি করপোরেশনে ২ হাজার ৪২৪টি স্থান নির্ধারণ করে দিয়েছে সরকার। একই সঙ্গে পশু কোরবানি শেষে দ্রুত বর্জ্য অপসারণ ও স্বাস্থ্যসম্মত এবং পরিষ্কার-পরিছন্নতাকে অগ্রাধিকার দিয়েই কোরবানি করতে নগরবাসিকে উদ্বুদ্ধ ও কার্যকর পদক্ষেপ নিতে সংশ্লিষ্টদের নির্দেশ দেওয়া হয়। গতকাল ৪ মে বুধবার স্থানীয় সরকার মন্ত্রণালয়ের সচিব আবদুল মালেকের সভাপতিত্বে সচিবালয়ের স্থানীয় সরকার বিভাগের সভাকক্ষে অনুষ্ঠিত 'কোরবানির পশু ও বর্জ্য অপসারণে করণীয়' শীর্ষক বৈঠকে এসব নির্দেশনা দেওয়া হয়। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১) **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**১০। রাজধানীতে উল্টোপথে গাড়ি চলাচল বন্ধে হাইকোর্টের রুল**

ঢাকা মহানগরীতে উল্টোপথে যান চলাচল বন্ধে কেন নির্দেশ দেওয়া হবে না তা জানতে চেয়ে রুল জারি করেছে হাইকোর্ট। গতকাল ৪ মে বুধবার বিচারপতি সৈয়দ মোহাম্মদ দস্তগীর হোসেন ও বিচারপতি এ কে এম

শাহিদুল হকের বেঞ্চ এ রুল জারি করেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৮), **ইত্তেফাক** ( শেষ পৃ.,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৪)।

## সম্পাদকীয়

ক. **সংবাদ, সমকাল, যুগান্তর, ইনকিলাব, ভোরের কাগজ, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান, নিউ নেশন :** সিঙ্গাপুরে জঙ্গি সন্দেহে বাংলাদেশি গ্রেপ্তারের প্রসঙ্গ তুলে ধরে জাতির নিরাপত্তার প্রশ্নে সরকারকে বিষয়টি গুরুত্বের সঙ্গে নিয়ে ঐক্যবদ্ধভাবে জঙ্গি মোকাবিলায় সর্বাত্মক প্রতিরোধমূলক পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

খ. **প্রথম আলো :** প্রাইভেট টিউশন, কোচিং, নোটবই ও গাইডবই বন্ধ করতে শিক্ষা আইনের কঠোর প্রয়োগের ওপর সংশ্লিষ্ট সবাইকে বিশেষ গুরুত্ব দেওয়ার সুপারিশ।

গ. **ইত্তেফাক :** ভেজাল, নিম্নমান, নকল ও মেয়াদোত্তীর্ণ ওষুধের ব্যাপারে ক্রেতাদের সতর্ক হয়ে সঠিকভাবে ওষুধ ক্রয় করার আহ্বান।

ঘ. **জনকণ্ঠ :** বিশ্ব ব্যাংকের এক সমীক্ষা প্রতিবেদনে তৈরি পোশাক খাতে বাংলাদেশের নতুন সম্ভাবনা দেখা দেওয়ায় ব্যবসায়ী ও উদ্যোক্তারা এ বিষয়ে দ্রুত কর্মতৎপরতা বাড়াবেন বলে প্রত্যাশা।

ঙ. **সংবাদ :** কৃষকদের লোকসান থেকে বাঁচতে সরকারকে দ্রুত কৃষকদের কাছ থেকে সরাসরি বোরো ধান ক্রয় শুরু করার সুপারিশ।

চ. **ইনকিলাব :** জাতীয় স্বার্থ বিরোধী পাথর আমাদানির ঘটনায় জড়িতদের বিরুদ্ধে আইনানুগ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের সুপারিশ।

ছ. **ডেইলি স্টার :** ঢাকার বাইরের কলেজগুলোতে মৌলিক বিষয়ের শিক্ষক সংকট থাকায় পর্যাপ্ত শিক্ষক নিয়োগের ব্যবস্থা করে তাদেরকে সঠিকভাবে পদায়ন করার সুপারিশ।

জ. **ইন্ডিপেনডেন্ট :** মানব পাচার বন্ধে বাংলাদেশে জরুরি ভিত্তিতে এন্ট্রি- ট্রাফিকিং নেটওয়ার্ক আরও শক্তিশালী করার ওপর গুরুত্বারোপ।

ঝ. **ডেইলি সান :** দেশের পর্যটন সম্ভাবনাকে আরও কাজে লাগাতে অবকাঠামোসুবিধা বৃদ্ধিসহ পর্যটকদের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার আহ্বান।

ঞ. **নিউ এজ :** রাজধানীর শংকর ক্রসিংয়ে শব্দ দূষণের মাত্রা **১১৪.৭** ডেসিবল যা স্বাভাবিক মাত্রা ৬০ ডেসিবলের প্রায় দ্বিগুন উল্লেখ করে ভিআইপি গাড়ি ও ব্যক্তিগত গাড়িতে লাউড হুটার ব্যবহার নিয়ন্ত্রণে আইনের সঠিক প্রয়োগের প্রত্যাশা করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে পত্রিকায় শিক্ষা খাতে অপরিকল্পিত বিনিয়োগ যেন অনুৎপাদনশীল হয়ে না পড়ে পরিকল্পনা প্রণেতাদের সেদিক দৃষ্টিদানের প্রয়োজনীয় অনস্বীকার্য বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত **'আর্সেনিকের প্রাণঘাতী দূষণ, আমরা নির্বিকার!'** শিরোনামের নিবন্ধে হাসান ফেরদৌস দীর্ঘ দিন ধরে আর্সেনিকযুক্ত পানি খাওয়ার ফলে ক্যান্সারের মতো কঠিন ও দুরারোগ্য অসুখ দেখা দিতে পারে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/শুকলা/মরজিনা/রশীদ/২০১৬/৯.০০ ঘণ্টা